# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 24-12-2024 Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) এক দেশ - এক নির্বাচন নিয়ে যৌথ সংসদীয় কমিটির প্রথম বৈঠক বসছে ৮-ই জানুয়ারী।

২) বিজেপি আম্বেদকরকে নিয়ে কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসের অসত্য প্রচারের পাল্টা প্রচার চালাবে।

৩) রাজ্য সরকার বাংলার বাড়ি প্রকল্পে আগামী বৃহস্পতিবারের মধ্যে উপভোক্তাদের অ্যাকাউন্টে প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ শেষ করার নির্দেশ দিয়েছে।

৪) বাংলাদেশের পরিস্থিতির প্রেক্ষিতে শহরের সুরক্ষা বজায় রাখতে নিরাপত্তা আরও জোরদার করা হয়েছে।
এদিকে, ডায়মন্ড হারবার জেলে আটক ১২ জন বাংলাদেশী মৎস্যজীবীকে আজ মুক্তি দেওয়া হয়েছে।

৫) আগামীকাল বড়দিন। কলকাতা সহ গোটা রাজ্যে উৎসবের মেজাজ।

৬) ২০২৪ এর প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল প্রকাশিত।

oooooooooooooooooooooooo

এক দেশ এক নির্বাচন নিয়ে যৌথ সংসদীয় কমিটি JPC র প্রথম বৈঠক আগামী ৮ ই জানুয়ারি বসতে চলেছে। সংসদের আগামী অধিবেশনের শেষ সপ্তাহের প্রথম দিন কমিটি তার রিপোর্ট পেশ করবে। লোকসভা থেকে ২৭ জন এবং রাজ্য সভা থেকে ১২ জন মিলিয়ে মোট ৩৯ জন সদস্য রয়েছে এই কমিটিতে। এক দেশ এক নির্বাচন সংক্রান্ত এই বিল গুলি হলো সংবিধানের ১২৯ তম সংশোধনী বিল ২০২৪ এবং কেন্দ্রশাসিত অঞ্চল আইন ( সংশোধনী) বিল ২০২৪ ।

oooooooooooooooooooooooooo

বিজেপি আম্বেদকরকে নিয়ে কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসের অসত্য প্রচারের পাল্টা প্রচার চালাবে। রাজ্য বিধানসভার বাইরে আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধীদল নেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসের অসত্য প্রচারের বিষয়টি মানুষের কাছে উন্মোচিত করা হবে। তিনি অভিযোগ করেন,আম্বেদকরকে নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যকে বিকৃত করে কংগ্রেস ও তৃণমূল কংগ্রেস বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা করছে। আম্বেদকরকে সর্বভারতীয় স্তরে কংগ্রেস এবং এরাজ্যে তৃণমূল কংগ্রেস সবচেয়ে বেশি অপমানিত এবং অস্বীকার করে থাকে । কংগ্রেস সংবিধান, আম্বেদকর এবং সংরক্ষণের বিরোধী। কংগ্রেস জরুরি অবস্থা জারি করে সংবিধানকে ভুলণ্ঠিত করেছে,তা সবাই জানে। ১৯৭১ সালে ইন্দিরা গান্ধীকে কংগ্রেস সরকার ভারতরত্ন দিলেও আম্বেদকরকে ১৯৯০ সালে বিজেপি শাসিত সরকারের আমলে ভারতরত্ন দেওয়া হয়েছে। পাশাপাশি এরাজ্যে বিশেষ সম্প্রদায়ের ৭৭টি গোষ্ঠীকে ওবিসি-তে অন্তর্ভুক্ত করে প্রকৃত ওবিসিদের অধিকার কেড়ে নেওয়া হয়েছে।

(বাইট – শুভেন্দু)

তৃণমূল কংগ্রেস সরকার স্থায়ী নিয়োগ বন্ধ করে ক্যাজুয়াল ও চুক্তিভিত্তিক নিয়োগ করেছে এবং তপশিলি জাতি ও উপজাতিদের সংরক্ষণ তুলে দিয়েছে। তাই এই ধরনের রাজনৈতিক প্রচার এরাজ্যে নিপীড়িত ও বঞ্চিত দলিত সমাজ গ্রহণ করবে না।

এদিকে বাবা সাহেব ভীমরাও আম্বেদকরের প্রতি কুরুচিপূর্ণ মন্তব্য এবং লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীর প্রতি মিথ্যে অভিযোগ আনার প্রতিবাদে, আজ পশ্চিম বর্ধমান জেলা কংগ্রেসের পক্ষ থেকে আসানসোলে বি আর আম্বেদকর সম্মান যাত্রা কর্মসূচী পালন করা হয়। পরে দলের পক্ষ থেকে জেলাশাসকের দপ্তরে গণডেপুটেশন জমা দেওয়া হয়। এই প্রতিবাদ সভায় পশ্চিম বর্ধমান জেলা কংগ্রেসের সভাপতি দেবেশ চক্রবর্তী, কার্যকরী সভাপতি হরজিৎ সিং,জেলা মহিলা সভানেত্রী মেঘনা মান্না, জেলা সাধারণ সম্পাদক পামলু মজুমদারসহ দলের অন্যান্য নেতা ও কর্মী-সমর্থকরা উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooooooooo

রাজ্য সরকার বাংলার বাড়ি প্রকল্পে আগামী বৃহস্পতিবারের মধ্যে উপভোক্তাদের অ্যাকাউন্টে প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ শেষ করার নির্দেশ দিয়েছে। পঞ্চায়েত দপ্তর থেকে এই মর্মে জারি করা এক নির্দেশিকায় বলা হয়েছে, প্রথম কিস্তিতে ৬০ হাজার টাকা করে দেওয়া হচ্ছে।

তারপর ব্লক আধিকারিকদের চারটি পর্যায়ে বাড়ি তৈরির কাজে নজরদারি করতে বলা হয়েছে।

উল্লেখ্য বারো লক্ষ উপভোক্তাকে প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ শুরু হওয়ার পর এখনও পর্যন্ত আট লক্ষ ২৩ হাজারের বেশি উপভোক্তার অ্যাকাউন্টে এই টাকা পাঠানো হয়েছে।

ooooooooooooooooooooo

রাজ্যের খাদ্য দফতর সমস্ত রেশন গ্রাহকদের মোবাইল নম্বর নথিভুক্ত করতে উদ্যোগী হয়েছে। চলতি মাসের দ্বিতীয়ার্ধে যেসব রেশন গ্রাহক খাদ্য সংগ্রহ করছেন তাঁদের বাধ্যতামূলকভাবে মোবাইল নম্বর নথিভুক্ত করতে হচ্ছে। এটা করলে তবেই ই-পস মেশিনে খাদ্য সামগ্রী দেওয়ার প্রক্রিয়া সম্পন্ন হচ্ছে। এই মর্মে দফতরের তরফে এক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

oooooooooooooooooooooo

সেচমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস বিধায়ক মানস ভুঁইয়ার বিরুদ্ধে দলের অভ্যন্তরে স্বজনপোষণের অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছেন পশ্চিম মেদিনীপুরের একাধিক বিধায়ক। দু'পাতার ওই চিঠিতে অভিযোগ করা হয়েছে, নিজের লোকেদের 'সুযোগ-সুবিধা' পাইয়ে দিচ্ছেন মন্ত্রী। তাঁর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা না নিলে আগামী বিধানসভা নির্বাচনে দলের ক্ষতি হতে পারে বলে চিঠিতে আশঙ্কা প্রকাশ করেছেন বিধায়করা।

উল্লেখ্য, এর আগে দলের সাংসদ মহুয়া মৈত্রর বিরুদ্ধেও দলেরই কিছু বিধায়ক এইরকম অভিযোগ জানিয়েছিলেন।

oooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার বনগাঁয় সেচ দপ্তরে চাকরি দেওয়ার নাম করে প্রতারণার অভিযোগে পঞ্চায়েতের এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট এবং সুপারভাইজার সহ তিনজনকে পুলিশ গ্রেপ্তার করেছে। জানা গেছে, সেচ দপ্তরে চাকরি দেওয়ার নাম করে এক ব্যক্তির কাছ থেকে ১২ লক্ষ টাকা নিয়ে ভুয়ো কাগজপত্র বানিয়ে দিয়েছিল অভিযুক্ত সুন্দরপুর গ্রাম পঞ্চায়েতের এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট বিশ্বজিৎ মন্ডল, সুপারভাইজার মোহর আলী মন্ডল এবং সম্রাট চন্দ্র। পরে প্রতারিত হয়েছেন বুঝতে পেরে বনগাঁ থানায় অভিযোগ জানান ঐ ব্যক্তি। ধৃতদের আজ বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে ৭ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

ooooooooooooooooooooooo

বকেয়া মহার্ঘভাতা সহ বিভিন্ন দাবি পূরণে আন্দোলনরত সরকারি কর্মচারীদের সংগঠন সংগ্রামী যৌথ-মঞ্চের প্রতিনিধিরা তাদের সমস্যার দ্রুত সমাধানের আবেদন জানিয়ে রাজ্য সরকারকে আজ আরও একবার চিঠি দিয়েছে। বকেয়া মহার্ঘ ভাতা দ্রুত মিটিয়ে দেওয়া সহ মোট পাঁচ দফা দাবি পূরণের জন্যে প্রতিনিধিরা আজ নবান্ন

সভাঘরে রাজ্য সরকারের দুই আধিকারিকের সঙ্গে বৈঠক করেন। পরে সরকারের হাতে একটি স্মারকলিপি তুলে দেওয়া হয়।

উল্লেখ্য কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে সংগঠনের প্রতিনিধিরা গত ২২ তারিখ থেকে নবান্ন সংলগ্ন মন্দিরতলা বাসস্ট্যান্ডে অবস্থান বিক্ষোভ করছে। অন্যদিকে ধর্মতলার শহীদ মিনারের কাছে তাদের অবস্থান আজ ৬৯৯ দিনেও চলেছে।

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তে সিবিআইয়ের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ তুলে ডাক্তারদের সিজিও কমপ্লেক্স অভিযানকে কেন্দ্র করে আজ ধুন্ধুমার কান্ড বাধে। দুপুরে সেন্ট্রাল পার্ক মেট্রো স্টেশনের সামনে জমায়েত করেন মেডিকেল সার্ভিস সেন্টার, সার্ভিস ডক্টর ফোরাম এবং নার্সেস ইউনিটির সদস্যরা। সেখান থেকে মিছিল সিজিও কমপ্লেক্সের কাছে পৌঁছলে পুলিশি ব্যারিকেডের মুখে পড়েন তাঁরা। আন্দোলনকারীদের পক্ষ থেকে সিজিও কমপ্লেক্সের মেন গেটে প্রতীকী তালা ঝুলিয়ে দেওয়া হয়। এরপর পুলিশ সেই তালা খুলে দিলে আন্দোলনকারীরা ক্ষোভে ফেটে পড়েন। পুলিশের সঙ্গে তাদের ধস্তাধস্তি বাধে। পরে সিজিও কমপ্লেক্সের সামনে বসে বিক্ষোভ দেখান আন্দোলনকারীরা। বিকেল সাড়ে চারটে পর্যন্ত এই বিক্ষোভ কর্মসূচী চলে।

আন্দোলনকারী চিকিৎসক বিপ্লব চন্দ বলেন, কেন্দ্রীয় ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরি - সিএফএসএল রিপোর্টে ইঙ্গিত মিলেছে ধর্ষণ ও খুনের ঘটনা একজনের পক্ষে ঘটানো সম্ভব নয়। চার মাস পেরিয়ে গেলেও মেলেনি বিচার।

সিবিআই নির্ধারিত সময় চার্জশিটও দিতে পারেনি। তদন্তকারী সংস্থা প্রকৃত সত্য গোপনের চেষ্টা করছে বলে তাদের দাবি।

অন্যদিকে, জুনিয়ার চিকিৎসকদের পক্ষে ডাক্তার অনিকেত মাহাতো সাংবাদিকদের বলেন, সিবিআই-কে এখনও পর্যন্ত কেন ওই ঘটনার চার্জিশিট দাখিল করা গেল না, সিবিআই-কে তার জবাবদিহি করতে হবে।

(বাইট – অনিকেত)

oooooooooooooooooooooo

আমাদের সংবাদ শোনা যাবে ইউটিউব চ্যানেল আকাশবাণী সংবাদ বাংলা, ফেসবুক ও ইন্সটাগ্রাম আকাশবাণী সংবাদ কলকাতা এবং এক্স হ্যান্ডেল এ আই আর নিউজ কলকাতাতে।

oooooooooooooooooooo

প্রতিবেশী বাংলাদেশের পরিস্থিতির প্রেক্ষিতে শহরে সুরক্ষা বজায় রাখতে নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করা হচ্ছে ।কলকাতা পুলিশের কমিশনার মনোজ বর্মা আজ এ কথা জানিয়েছেন। দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং থেকে এক জঙ্গি সহ বেশ কয়েকজন সন্দেহভাজনকে গ্রেফতার করার প্রেক্ষিতে উৎসবের দিনগুলিতে রাস্তায় অতিরিক্ত বাহিনী নামানো হবে বলেও তিনি জানান।

oooooooooooooooooooo

এদিকে, ভারতীয় জলসীমানায় প্রবেশ করার জন্য এই রাজ্যে গ্রেফতার হওয়া ডায়মন্ডহারবার জেলে আটক বাংলাদেশের ১২ জন মৎস্যজীবীকে আজ মুক্তি দেওয়া হয়েছে। রাজ্য সরকারের নির্দেশে কাকদ্বীপের বিডিও ও থানার আইসির উপস্থিতিতে ডায়মন্ডহারবার সংশোধনাগার থেকে তাদের মুক্তি দেওয়া হয় বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

তবে স্বরাষ্ট্রমন্ত্রক কে চিঠি দেওয়া সত্ত্বেও একই কারণে বাংলাদেশে আটক এই রাজ্যের ৯৫ জন মৎস্যজীবীকে এখনো মুক্তি দেওয়া হয়নি।

oooooooooooooooooooooo

মুর্শিদাবাদ জেলা পুলিশ সন্দেহজনক গতিবিধির জন্য এক বাংলাদেশী ও তাঁকে সাহায্য করার জন্য আরও দুজনকে গ্রেফতার করেছে। লালগোলা স্টেশনের কাছ থেকে সোহেল রানা নামে ওই সন্দেহভাজন বাংলাদেশীকে গ্রেফতার করা হয়। রাজসাহীর বাসিন্দা সোহেল জাল নথিপত্রের সাহায্যে অবৈধভাবে এদেশে প্রবেশ করে ৭-৮ বছর ধরে এক আত্মীয়ের বাড়িতে ছিল।

অন্যদিকে, তাকে বাংলাদেশ থেকে ভারতে আসায় সাহায্য করেছিল মুর্শিদাবাদের বাসিন্দা আলিউম আলম ও সাহারুল মোল্লা কর।

ধৃতদের আজ লালবাগ আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

oooooooooooooooooooooo

আগামীকাল বড়দিন। বিপুর উৎসাহ-উদ্দীপনায় যীশুখ্রীষ্টের জন্মদিন পালনের জন্য খ্রীষ্ট ধর্মাবলম্বিদের পাশাপাশি মেতে উঠেছে সাধারণ মানুষও। কলকাতা সহ গোটা রাজ্যে

উৎসবের মেজাজ। বড়দিনের অন্যতম আকর্ষণস্থল কলকাতার পার্ক স্ট্রীট সেজে উঠেছে আলোকমালায়। সন্ধের পর থেকে ভীড় আরও বাড়ছে।

আমাদের প্রতিনিধি জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

বড়দিন উপলক্ষে সমস্ত গীর্জা এবং বো-ব্যারাক এলাকার বাড়িঘরগুলিও আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে। মধ্যরাতে গীর্জায় পরিবেশিত হবে ক্যারল গান ও বিশেষ পার্থনাসভারও আয়োজন করা হবে। রাজ্যের পুর ও নগরোন্নয়নমন্ত্রী ফিরহাদ হাকিম ইকবালপুর চার্চে প্রার্থনা অনুষ্ঠানে যোগ দেবেন।

এদিকে, বেলুড় মঠের মূল মন্দিরে প্রথা মেনে খ্রীস্ট উৎসবের আয়োজন করা হয়েছে। আজ সন্ধ্যারতির পর যীশুর খ্রীস্টের ছবির সামনে মঠের সন্ন্যাসীরা গান ও ক্যারলের মাধ্যমে তাঁর আরাধনা করছেন। যীশুর জীবনী এবং উপদেশ পাঠ করা

হচ্ছে। মোমবাতি ও ফুল দিয়ে তাঁর প্রতিকৃতি সাজানোর পাশাপাশি, কেক, লজেন্স, ফল, মিষ্টি-রও আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বড়দিনের রাতে দর্শনার্থীদের সুবিধায় মেট্রোরেল অধিক রাত পর্যন্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ওইদিন কবি সুভাষ দক্ষিণেশ্বর করিডরে কবি সুভাষ থেকে রাত এগারোটায় এবং দক্ষিণেশ্বর থেকে রাত ১০-৫৩ মিনিটে শেষ ট্রেন ছাড়বে বলে মেট্রোর তরফে এক বিজ্ঞপ্তি জানানো হয়েছে। ঐদিন বিকাল তিনটা থেকে রাত আটটা পর্যন্ত এই করিডরে ৭ মিনিটের ব্যবধানে ট্রেন পাওয়া যাবে। মোট ট্রেন চলবে ২২৪টি।

অন্যদিকে, সল্টলেক সেক্টর ফাইভ ও শিয়ালদার মধ্যে একশো একটির পরিবর্তে মোট ৯০টি ট্রেন চালানো হবে বলে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

হুগলির আট পুর মঠে আজ নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে ধুনী উৎসব। ১৮৮৬ সালের ২৪ শে ডিসেম্বর অর্থাৎ বড়দিনের আগে রাতে হুগলির আট পুরে ঘোষে দের বাড়িতে আট জন গুরু ভাইকে নিয়ে ঠাকুর শ্রীরামকৃষ্ণের জীবনী আলোচনা করেন স্বামীজি। শ্রীরামকৃষ্ণ দেবের পাশাপাশি প্রভু যীশুর জীবন ও তার আত্মত্যাগের কথা তুলে ধরেন স্বামীজি। সেই রাতে ই স্বামীজী সন্ন্যাস গ্রহণের সংকল্প নেন।

ধূনি জ্বালিয়ে স্বামীজীর সঙ্গে তার আট গুরু ভাইও সন্ন্যাস গ্রহণের সংকল্প গ্রহণ করেন। সেই দিনটির স্মরণে আজ আটপুর রামকৃষ্ণ মঠে ধু নী উৎসব পালিত হচ্ছে। ঘোষে দের ওই বাড়িটি বর্তমানে রামকৃষ্ণ মঠ ও মিশনের শাখা কেন্দ্র।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ওড়িশার সিমলিপাল ব্যাঘ্র প্রকল্প থেকে ঝাড়খন্ড হয়ে আসা বাঘিনী জিনাতকে, পুরুলিয়ার বান্দোয়ান জঙ্গল থেকে এখনো পাকড়াও করা সম্ভব হয়নি। সেটি রাইকা-র

জঙ্গলেই রয়েছে বলে খবর। বন দফতরের একাধিক দল অত্যাধুনিক ট্র্যাকিং যন্ত্র নিয়ে বাঘিনীর অবস্থান জানার চেষ্টা চালাচ্ছে।

এদিকে, বাঘের হদিশ না মেলায় জঙ্গল লাগোয়া গ্রামগুলির মানুষ আতঙ্কিত। জঙ্গলে টোপ হিসেবে রাখার একের পর এক ছাগলকেও বাঘিনী মেরে ফেলেছে। এর প্রেক্ষিতে এলাকায় আরও বেশি আতঙ্ক ছড়িয়েছে। বাঘ যাতে লোকালয়ে চলে আসতে না পারে, তার জন্য আপাতত নাইলনের ভারী নেট দিয়ে এলাকা ঘিরে রেখেছে বন কর্মীরা। গ্রামের মানুষকে সাবধান করে জোরদার প্রচার চালানো হচ্ছে।

oooooooooooooooooooooo

২০২৪ এর  প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল আজ প্রকাশ হয়েছ। প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদের সম্পাদক তপন সামন্ত  কলকাতা প্রেস ক্লাবে এক সাংবাদিক বৈঠকে এই ফল প্রকাশ করেন। এবছর পাশের হার ৭৭ দশমিক এক /এক  শতাংশ । এর মধ্যে প্রথম বিভাগে  ২৭ দশমিক  নয় /সাত শতাংশ, দ্বিতীয় বিভাগে ২১দশমিক চার/ ছয় এবং সাধারণ বিভাগে ২৭ দশমিক ছয়/ ছয় শতাংশ পাশ কোড়েছে। ।পুর্নমান ৪০০ র মধ্যে ৩৯৭ পেয়ে ৩জন প্রথম স্থান অধিকার করেছে। এরা হল কোচবিহারের ঋদ্ধিমান দে , পূর্ব মেদিনীপুরের স্বপ্নিল মণ্ডল  ও দক্ষিণ ২৪ পরগনার  অর্ঘদীপ আদক ।

এবছর  রাজ্যে সমস্ত জেলায় মোট ২ হাজার তিনশো টি  কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লক্ষ ৬৮ হাজার ৩৮২ জন।

প্রতি বছরের মত কৃতি পরীক্ষার্থীদের উৎসাহিত করার জন্য রাজ্যস্তরে ১২০০ টাকা ও জেলা স্তরে ৬০০ টাকা বৃত্তি প্রদান করা হবে এবং এবছর ৮২০ জনকে তা দেওয়া হবে প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদের সম্পাদক তপন সামন্ত জানিয়েছেন।

উল্লেখ্য,  গত ২১ অক্টোবর থেকে ২৯ অক্টোবর ৫  দিনে এই পরীক্ষা নেওয়া   হয়।